ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৯৮/২০১৭/১৫৯৪৮ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

পূর্ব মহেশপুর হাছানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: মহেশপুর, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৩-০৪-২০২৬ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-০৪-২০২৬ থেকে ২৬-০৪-২০৩০ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. শ্রেণিকক্ষে মূল আরবি কিতাবসহ আরবি, বাংলা ও ইংরেজি ভাষার ওপর গুরুত্ব প্রদান করতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদের বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার পাশাপাশি প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;

২. মাদরাসার অবকাঠামোর উন্নয়ন করত: ছাত্র-ছাত্রীদের পৃথক পৃথক শ্রেণিকক্ষে পাঠদান নিশ্চিত করতে হবে এবং জরুরিভিত্তিতে মাদরাসার গ্রন্থাগারটি সম্প্রসারণের প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণসহ বইয়ের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং বই পড়ার প্রতি শিক্ষক ও শিক্ষার্থীদের আগ্রহী করে তুলতে হবে;

৩. শিক্ষার্থীদের প্রযুক্তিগতভাবে দক্ষ করে তুলতে মাদরাসায় কম্পিউটার ল্যাব স্থাপন ও মূল পাঠক্রমের পাশাপাশি ফ্রিল্যান্সিং, গ্রাফিক্স ডিজাইন ও অন্যান্য কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে;

৪. মাদরাসার যাতায়াত ব্যবস্থা আরও আধুনিকায়ন করার পাশাপাশি মাদরাসার সকল আয়-ব্যয়ের হিসাব-নিকাশ কমিটির মাধ্যমে করতে হবে যা পরে অডিট কমিটির মাধ্যমে নিষ্পত্তি করাতে হবে;

৫. শিক্ষার্থীদের দেয়ালিকা, লাইব্রেরি, বৃক্ষরোপন ও অ্যালামনাই অ্যাসোসিয়েশন কমিটির কার্যক্রম যথাযথভাকে তদারকি করার পাশাপাশি শিক্ষার্থীদের জন্য পর্যাপ্ত শৌচাগার নির্মাণ করতে হবে এবং নিরাপদ পানীয়-এর ব্যবস্থাসহ মাদরাসার সার্বিক পরিবেশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;

৬. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি সপ্তাহে একবার অনুপস্থিত শিক্ষার্থীর অভিভাবকের মোবাইল নম্বরে কল করার ব্যবস্থা করতে হবে;

৭. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্তি" কথাটি লিখতে হবে এবং ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;

৮. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড, সিসি টিভি, আইপিএস-এর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে;

৯. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

১০. অনতিবিলম্বে মাদরাসার হালনাগাদ (স্মারক উল্লেখসহ) অখন্ড জমির সনদ মাদরাসা পরিদর্শন দপ্তরে জমা দিতে হবে এবং অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, পূর্ব মহেশপুর হাছানিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: মহেশপুর, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৯৮/২০১৭/১৫৯৪৮ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, পূর্ব মহেশপুর হাছানিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: মহেশপুর, উপজেলা: বাকেরগঞ্জ, জেলা: বরিশাল।
৭. অফিস নথি।

17.10.2026
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫